গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি হিজলা ডিগ্রি কলেজ

স্থাপিতঃ ১৯৮৪ খ্রি.
উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।
www. hizlacollege.edu.bd

স্নাতক কলেজ কোডঃ ১১২১
ইআইআইএন নং-১০০৭৩৬
কারিগরি কলেজ কোডঃ ৪২০৬০
উমা কলেজ কোডঃ ২১২৫

E-mail: hizladcollege70@gmail.com
Mobile- 01309100736

স্মারক নং- সহিডিক/ তারিখঃ ২৮/০৯/২০২৫ খ্রি.

## ২০২৪ সালের ডিগ্রী পাস ১ম বর্ষ ফরম পূরণের বিজ্ঞপ্তি (সংশোধিত)

সরকারি হিজলা কলেজের ডিগ্রি (পাস) ১ম বর্ষের নিয়মিত, অনিয়মিত, গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী **০৮/১০/২০২৫ খ্রি. হতে ০৯/১০/২০২৫ খ্রি.** তারিখের মধ্যে পরীক্ষার্থীদের ফরম পূরণ করার জন্য বলা হলো। সকল পরীক্ষার্থীদের পরীক্ষা কমিটির সাথে যোগাযোগ করে ইন-কোর্স পরীক্ষায় অংশগ্রহণ পূর্বক ফরম পূরণ করার জন্য বলা হলো। ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

**১। পরীক্ষার্থীদের আবেদন ফরম সংগ্রহ:**

ক) আবেদনকারীকে কলেজ থেকে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://ems.nu.ac.bd/student-login হতে ফরম প্রিন্ট করে নিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি Rocket Apps এর মাধ্যমে জমা দিবে।

**খ) আবেদন ফরম মূল কপি ০১টি গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১টি**

**ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি জমা দিতে হবে।**

**২। কমিটির করণীয়:**

আগামী ০৯/১০/২০২৪ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ইন-কোর্স নম্বর জমা দেয়া এবং ফরম পূরণের কার্যবলী সম্পাদনের জন্য অনুরোধ করা হলো। **ইন-কোর্স পরীক্ষায় অংশগ্রহণকারী ব্যতীত কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না।**

**৩। ফরম পূরণের ফি এর পরিমান:**

| পরীক্ষার ধরণ | | সেশন চার্জ | বিশ্ববিদ্যালয় ফি | মোট টাকা |
|---|---|---|---|---|
| নিয়মিত ও অনিয়মিত (৭ পত্র) | | ২২৯৩ | ১২৫০ | **৩৫৪৩** |
| অনিয়মিত (৭ পত্র) | | ২২৯৩ | ১৮৫০ | **৪১৪৩** |
| গ্রেড উন্নয়ন | এক পত্র | ৭৫০ | ৭৫০ | **১৫০০** |
| | দুই পত্র | ৭৫০ | ৯০০ | **১৬৫০** |
| | তিন পত্র | ৭৫০ | ১০৫০ | **১৮০০** |
| | চার পত্র | ৭৫০ | ১২০০ | **১৯৫০** |
| | পাঁচ পত্র | ৭৫০ | ১৩৫০ | **২১০০** |
| | ছয় পত্র | ৭৫০ | ১৫০০ | **২২৫০** |
| ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থী | | ৭৫০ | ৬০০০ | **৬৭৫০** |

**Conditional Promoted (C-Promoted)** পরীক্ষার্থীদের ক্ষেত্রে **রকেট পেমেন্টে** নির্ধারিত ফি সাথে বিশেষ অর্ন্তভুক্তি ফি ১৫০০ টাকা যোগ করে নিম্নে উল্লেখিত রকেটের মাধ্যমে জমা দিতে হবে।

**৪। ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকি Rocket Apps এর মাধ্যমে ফি প্রদানের নিয়মাবলী।**

ক) সকল নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের Rocket Biller **ID-5415** এর মাধ্যমে ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে, নিয়মিত/অনিয়মিত (সকল বিষয়) শিক্ষার্থীদের Student ID এর জায়গায় রেজিস্ট্রেশন নম্বর লিখে ফি পরিশোধ করতে হবে।

খ) অনিয়মিত (আংশিক বিষয়), মান্নোয়ন/গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের Student ID এর জায়গায় রেজিস্ট্রেশন নম্বরের শেষে 1, 2 বা 3 লিখে ফি পরিশোধ করতে হবে। যেমন: 24210065428 রেজিস্ট্রেশন নম্বরধারী শিক্ষার্থী ০১ বিষয় ফরমপূরণ করলে 242100654281, ০২ বিষয় ফরমপূরণ করলে 242100654282, ০৩ বিষয় ফরমপূরণ করলে 242100654283 লিখে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেওয়ার পর শিক্ষার্থী ডাচ বাংলা ব্যাংক রকেট থেকে একটি SMS পাবে, SMS থেকে Txn.Id ফরমের উপরে লিখতে হবে এবং পেমেন্ট স্লিপ সংগ্রহ করতে হবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে ভুলের কারণে ফরমপূরণ বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

***ফরমের সাথে রেজি: কার্ডের ফটোকপি, অনলাইন আবেদন ফরম ও পেমেন্ট স্লিপ সংযুক্ত করে কলেজে জমা দিতে হবে। অন্যথায় ফরমপূরণ কার্য সম্পন্ন হবে না।**

বিঃদ্র: সকল শিক্ষার্থীদের বেতন, সেশন চার্জসহ নির্ধারিত ফি ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার চার্জ বাবদ ১.২৫% (সর্বোচ্চ ৩৮) টাকা অতিরিক্ত থাকতে হবে। Rocket Biller ID: 5415 ব্যতীত পেমেন্ট করা যাবে না।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে:
১। ইন-কোর্স ও ফরমপূরণ কমিটি
২। অফিস

মোঃ ওমর ফারুক
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি হিজলা ডিগ্রি কলেজ
হিজলা, বরিশাল।

মোঃ ওমর ফারুক
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি হিজলা ডিগ্রি কলেজ
হিজলা, বরিশাল।